

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৪৬তম জন্মদিন উপলক্ষে আওয়ামী লীগ সভানেত্রীর বাণী

২৫ বৈশাখ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৪৬তম জন্মদিন। আমরা বিশ্বের সকল বাঙালী তথা বাংলা ভাষাভাষী মানুষ তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করছি।

রবীন্দ্রনাথ বিশ্বকবি। তাঁর কবিতার আবেদন বিশ্বজনীন। শিল্প সাহিত্য সংস্কৃতির সকল ক্ষেত্রে তিনি তাঁর অনন্য স্বাক্ষর রেখে গেছেন। রবীন্দ্রনাথ ঠাকুর একজন মানবপ্রেমিক। বাঙালীর জাতিসত্তা ও আধুনিক মানস গঠনের অনবদ্য রূপকার তিনি। রবীন্দ্রনাথের ‘আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি’ আজ বাংলাদেশের জাতীয় সঙ্গীত।

রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা ভাষায় সাহিত্য রচনার জন্য প্রথম নোবেল পুরস্কার অর্জন করেছিলেন। বাংলাদেশের প্রতিষ্ঠাতা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশ স্বাধীন হওয়ার পর জাতিসংঘে মাতৃভাষা বাংলায় বক্তৃতা দিয়ে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেন।

সমাজের যা কিছু অন্যায়, অবিচার, দীনতা ও হিংসা-বিদ্বেষ এবং সকল প্রকার পশ্চাৎপদতা ও কুপমডুকতার বিরুদ্ধে রবীন্দ্রনাথ ঠাকুর ছিলেন আজীবন সংগ্রামী এক মানবদরদী ব্যক্তিত্ব।

রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য ও জীবনাদর্শই বাঙালীর প্রধান আশ্রয়স্থল। জীবনের সকল ক্ষেত্রে সফল হয়ে ওঠার জন্য তাঁর বাণী আমাদের উজ্জীবিত করুক। এই আমার প্রত্যাশা।

খোদা হাফেজ।

জয় বাংলা। জয় বঙ্গবন্ধু।

বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

সাবেক প্রধানমন্ত্রী

এবং সভানেত্রী, বাংলাদেশ আওয়ামী লীগ